ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র




# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৪৪ ● কলকাতা ● ১৪ জ্যৈষ্ঠ, ১৪৩২ ● বৃহস্পতিবার ● ২৯ মে ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা


## শুক্রবার SSC-র নয়া বিজ্ঞাপ্তি জারি হতে চলেছে



বেবি চক্রবর্তী: কলকাতা

মুখ্যমন্ত্রী স্পষ্ট জানিয়ে দেন যে নতুন করে SSC নেওয়া হবে। এবং সেই পরীক্ষায় যোগ্য প্রার্থীদের আবার বসতে হবে। সুপ্রিম নির্দেশ মেনে ৩০ মে এসএসসির নিয়োগ বিজ্ঞপ্তি জারি হবে। সমান্তরালভাবে নজর থাকবে রিভিউ পিটিশনের দিকেও। মঙ্গলবার নবান্নের সাংবাদিক সম্মেলন থেকে এমনই জানিয়ে দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। অর্থাৎ চাকরিহারাদের পরীক্ষা দিতেই হবে।

এরপর ৩ পৃষ্ঠায়


# পাকিস্তানকে ধুয়ে দিলেন অভিষেক



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

পাকিস্তান সেনার বড় বড় অফিসাররা জঙ্গিদের শেষশ্রদ্ধা জানাতে হাজির। সেদেশের সরকারের সঙ্গে জঙ্গিযোগ নিয়ে আর কী প্রমাণ চায় পাকিস্তান? সিঙ্গাপুর থেকে পড়শি এই দেশকে তীব্র আক্রমণ করে একথা বললেন তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। সোশ্যাল মিডিয়ায় পাকিস্তানের বিরুদ্ধে সন্ত্রাসবাদে মদত দেওয়ার তথ্য ছড়িয়ে দিতে সাধারণ মানুষকে আবেদনও করেন তিনি।এদিন তিনি বলেন, "অনেকে ভাবেন, দেশের নিরাপত্তা কিংবা সার্বভৌমত্বের বিষয় এলে বিরোধীরা কী অবস্থান নেবেন। রাজনৈতিক মতাদর্শগতভাবে আমাদের পার্থক্য রয়েছে। তাদের বিরুদ্ধে রাজনৈতিক লড়াই করি। কিন্তু, দেশের স্বার্থের কথা উঠলে, আমি দৃঢ়ভাবে পাশে রয়েছি। আমার দেশের স্বার্থের কাছে কখনও আমার রাজনৈতিক স্বার্থকে আসতে দেব না।"পাকিস্তান সরকারের সঙ্গে জঙ্গিযোগ নিয়ে এদিন সিঙ্গাপুরে অভিষেক বলেন, "পাবলিক ডোমেনে অনেক প্রমাণ পাবেন। যেখানে আপনি দেখতে পাবেন,

এরপর ৩ পাতায়




# সাহসী খুদেকে বিশেষ সম্মান সেনার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

একদিকে সূর্যের প্রখর তেজ। অন্যদিকে, সীমান্তে যুদ্ধের উত্তাপ! এরই মধ্যে জোর প্রস্তুতি সেনার। অপারেশন সিঁদুরের প্রাক্কালে সীমান্তের একাধিক গ্রামগুলি দেখেছে ভারতীয় সেনার যুদ্ধ প্রস্তুতির সেই চিত্র। পাঞ্জাবের ফিরোজপুর জেলায় সীমান্ত লাগোয়া একটি গ্রামেও প্রস্তুতি নিতে শুরু করেছিল সেনা।শ্রাবণের বাবা সোনা সিং বলেন, "আমাদের এলাকায় সেনা মোতায়েন ছিল। গরমের মধ্যে সেনারা যুদ্ধের প্রস্তুতি নিচ্ছিলেন। শ্রাবণ তাঁদের কাছে দুধ, লস্যি, আইসক্রিম পৌঁছে দিত। আমরাও শ্রাবণকে এই কাজে সাহস জুগিয়েছি। সেনা ওকে সম্মান জানিয়েছে। আমরা খুব খুশি।"ঠিক সেই সময় দেশের মানুষকে সুরক্ষা দেওয়া এবং শত্রুপক্ষকে যোগ্য জবাব দেওয়ার জন্য সেনা যখন রোদ, গরমের মধ্যেও প্রস্তুতি নিচ্ছে, ঠিক সেই সময় এক ১০ বছরের বালক সমস্ত ভয়কে উপেক্ষা করে দুধ, লস্যি, জল, আইসক্রিম পৌঁছে দিয়েছে সেনার কাছে। সেই বালককেই এবার বিশেষ সম্মান জানাল ভারতীয় সেনা।

পাঞ্জাবের ফিরোজপুরের সীমান্ত লাগোয়া গ্রামের কৃষক সোনা সিংহের ছেলে শ্রাবণ সিং। দেশভক্ত এই বালক বড় হয়ে ভারতীয় সেনায় যোগ দিতে চায়। সেই কারণেই হয়তো ভারত-পাক সংঘাতের আবহে যুদ্ধ পরিস্থিতি তৈরি হলেও কোনও কিছুই বাধা হতে পারেনি তার জন্য। পাকিস্তানের সমস্ত অসৎ উদ্দেশ্য ভারতীয় সেনা যেভাবে রুখে দিয়েছে, ঠিক সেভাবেই সব ভয়কে উপেক্ষা করে দেশের রক্ষাকবচদের কাছে পৌঁছে গিয়েছিল শ্রাবণ।

শ্রাবণের কথায়, "আমি ভয় পায়নি। বড় হয়ে আমি সৈনিক হতে চাই। আমাদের সেনাবাহিনীর জন্য জল, লস্যি, আইসক্রিম নিয়ে যেতাম। তাঁরাও আমাকে খুব ভালোবাসত।" দেশের সৈনিকদের জন্য শ্রাবণের ভালোবাসা এবং তার অদম্য সাহসের জন্য এই কৃষকের ছেলেকে সম্মান জানাল সেনা। সপ্তম ডিভিশনের জেনারেল কমান্ডিং অফিসার মেজর জেনারেল রাজীব সিং মানরাল একটি অনুষ্ঠানে শ্রাবণকে সম্মানিত করেন। একটি মেমেন্টো, আইসক্রিম ও বেশ কিছু খাবার জিনিস তুলে দেওয়া হয় শ্রাবণের হাতে।

## পশ্চিমবঙ্গ সফরে আসার আগেই রাজ্য সরকারকে কটাক্ষ করলেন প্রধানমন্ত্রী পাল্টা জবাব তৃণমূল রাজ্যসম্পাদক কুনাল ঘোষ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বৃহস্পতিবার বঙ্গ সফরে আসছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। আলিপুরদুয়ার প্যারেড গ্রাউন্ডে প্রধানমন্ত্রীর দুটো সভা রয়েছে। এ ছাড়াও তিনি একটি প্রশাসনিক সভাও করবেন। বঙ্গ সফরের আগেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি রাজ্যের শাসক দলকে আক্রমণ করে এক্স হ্যান্ডেলে দুর্বল শাসনব্যবস্থা এবং তৃণমূলের দুর্নীতি নিয়ে অভিযোগ করেছেন। যদিও তৃণমূলের অন্যতম রাজ্য সাধারণ সম্পাদক কুনাল ঘোষ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে

এরপর ৩ পাতায়

# ভারত-পাক সংঘাত আবহে ফের শুরু হচ্ছে মক ড্রিল

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ফের মক ড্রিলের নির্দেশ। ভারত-পাক সংঘাতের আবহে বৃহস্পতিবার সন্ধ্যায় পাকিস্তান সীমান্ত লাগোয়া গুজরাট, পাঞ্জাব, রাজস্থান, এবং জম্মু ও কাশ্মীরে মক ড্রিলের নির্দেশ দেওয়া হয়েছে। অপারেশন সিঁদুরের পর সীমান্ত লাগোয়া একাধিক জায়গায় হামলা চালিয়েছে পাক রেঞ্জার্স।অপারেশেন সিঁদুরের পর ভারতের একাধিক জনপদ, ধর্মস্থান লক্ষ্য করে ড্রোন, মিসাইল হামলার চেষ্টা করে পাকিস্তান। যদিও পাকিস্তানের সেই চেষ্টা ব্যর্থ করেছিল ভারতের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা। এরই মধ্য পাকিস্তান সীমান্ত লাগোয়া চারটি রাজ্যে যুদ্ধ মহড়ার নির্দেশ দিল অমিত শাহের



মন্ত্রক। এতেই মনে করা হচ্ছে তাহলে কী ফের ভারত-পাক সংঘাত লাগতে চলেছে?এরই মধ্যে সীমান্ত লাগোয়া এলাকায় মকড্রিলের নির্দেশ দেওয়া হল স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে।

ভারত-পাক সংঘাতের আবহে গত ৭ মে স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে দেশের ২৭ টি রাজ্য ও আটটি কেন্দ্রশাসিত অঞ্চলের মোট ২৫৯ টি জায়গায় মক ড্রিলের নির্দেশিকা জারি করেছিল অমিত শাহের মন্ত্রক। এরই মধ্যে পাকিস্তান ও পাক অধীকৃত কাশ্মীরে থাকা ৯ টি জঙ্গি ঘাঁটি গুঁড়িয়ে দিতে অপারেশন সিঁদুর অভিযান চালায় ভারত। এরই মধ্যে পাক সীমান্ত লাগোয়া চারটি রাজ্যে মক ড্রিলের নির্দেশ দিল স্বরাষ্ট্র মন্ত্রক।

শেষবারের মক ড্রিলে সাধারণ মানুষকে যুদ্ধ পরিস্থিতিতে একাধিক সর্তকতামূলক বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছিল।হঠাৎ বিমান হালমার সাইরেন বাজালে কী করা উচিৎ? যুদ্ধকালীন পরিস্থিতে ব্ল্যাকআউট হলে কী করতে হবে? আপৎকালীন পরিস্থিতিতে নিজেকে কীভাবে সুরক্ষিত রাখা সম্ভব এসব বিষয়ে সাধারণ নাগরিক এবং শিক্ষার্থীদের প্রশিক্ষণ দেওয়া হয়। ১৯৭১ সালের যুদ্ধের পর প্রথমবার যুদ্ধের মহড়া দেওয়া হয় সাধারণ মানুষকে।







(১ম পাতার পর)

# পাকিস্তানকে ধুয়ে দিলেন অভিষেক

পাকিস্তান সেনার পদস্থ অফিসাররা সন্ত্রাসবাদীদের শেষকৃত্যে হাজির রয়েছেন। আর কোথায় এটা দেখা যায়? আর কী প্রমাণ আমরা দিতে পারি?"

অপারেশন সিঁদুর ও সন্ত্রাসবাদ দমনে ভারতের পদক্ষেপের কথা বিশ্বের দরবারে তুলে ধরে দেশে দেশে যাচ্ছে একাধিক বহুদলীয় প্রতিনিধি দল। তেমনই একটি প্রতিনিধি দলের সদস্য ডায়মন্ড হারবারের সাংসদ অভিষেক। তাঁদের প্রতিনিধি দল এশিয়ার পাঁচটি দেশে পরপর যাচ্ছে। জাপান, দক্ষিণ কোরিয়ার পর পৌঁছেছেন সিঙ্গাপুরে। প্রত্যেক দেশে সন্ত্রাসবাদে মদত দেওয়া নিয়ে পাকিস্তানের মুখোশ খুলে দিচ্ছে প্রতিনিধি দল। এই দলের প্রতিনিধিরা বিভিন্ন রাজনৈতিক দলের সদস্য হলেও দেশের স্বার্থে তাঁরা যে এক, তা ফের স্পষ্ট করে দিলেন অভিষেক।

(১ম পাতার পর)

# শুক্রবার SSC -র নয়া বিজ্ঞাপ্তি জারি হতে চলেছে

পরীক্ষা না দিয়ে 'যোগ্য'দের পুনর্বহাল করা যাবে কি না তা ঠিক করবে শীর্ষ আদালতই। তার আগে অবশ্য নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে। শুরু হয়ে যাবে পরীক্ষাগ্রহণের প্রক্রিয়াও।

পরীক্ষা না দিয়েই চাকরি ফিরে পাওয়ার দাবিতে বিকাশ ভবনের সামনে আন্দোলন চালিয়ে যাচ্ছিলেন। এদিন সেই প্রেক্ষিতে সাংবাদিক সম্মেলন করেন মুখ্যমন্ত্রী।

ওখানে মুখ্যমন্ত্রী বলেন -

* কারও চাকরি যাতে না যায়, চাকরিহারারা যাতে সুযোগ পায় তার আবেদন করা হয়েছে।

* প্রধান বিচারপতির পুরনো অর্ডার যদি ক্যারি না তাহলে সুপ্রিম কোর্ট বলে দিতে পারে, তোমাদের তো অর্ডার দিয়েছিলাম তোমরা মানোনি, তাই পুরো প্যানেল বাতিল করা হল।

* সুপ্রিম নির্দেশ মেনে ৩১ মে-র মধ্যে নিয়োগ বিজ্ঞপ্তি জারি করতে হবে।

* রিভিউ পিটিশনের শুনানিতে যা বলবে তাই মানব। যদি বলে পরীক্ষা দিতে হবে না, আপনাদের মান্যতা দেওয়া হল। তাই মানব। কিন্তু এখন কোনও উপায় নেই তাই সুপ্রিম নির্দেশ মানতে হচ্ছে।

* ৩০ মে এসএসসির নতুন বিজ্ঞপ্তি জারি হবে।

* ১৬ জুন থেকে ১৪ জুলাই পর্যন্ত অনলাইনে আবেদন।

* প্যানেল প্রকাশ ১৫ নভেম্বর।

* কাউন্সিলিং ২০ নভেম্বর।

* রিভিউ হতে যদি সময় লাগে তাহলে তাই হাতে সময় রাখা হচ্ছে। রিভিউ পিটিশনে যদি সুবিচার না মেলে তাহলে নভেম্বরের মধ্যেই নিয়োগ প্রক্রিয়া শেষ করব।

* শিক্ষক-শিক্ষিকার জন্য শূন্যস্থান ২৪ হাজার ২০৩টি।

# জামাই ষষ্ঠীতে 'শাহী' সফর - তুঙ্গে উন্মাদনা

**বেবি চক্রবর্ত্তী: কলকাতা**



প্রথমিকভাবে ওই দিনটি নির্বাচন নিয়ে কেউ কেউ আপত্তি জানিয়েছিলেন। শেষ পর্যন্ত ওই দিনটিই ধার্য হয়। বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়ে দেন, ১ জুনই বঙ্গ সফরে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। ওইদিন নেতাজি ইন্ডোরে দলের কর্মিসভা। সেখানে সর্বস্তরের দলীয় কর্মী, নেতাদের সেখানে থাকতে হবে বলে নির্দেশ দলের। সূত্রের খবর, জামাই ষষ্ঠীতে 'শাহী' সফর নিয়ে আপত্তি তুলেছিল বঙ্গ বিজেপির একাংশ। ওইদিন পারিবারিক অনুষ্ঠান থাকায় দলের কর্মসূচিতে হাজির থাকা নিয়ে অনিশ্চয়তা দেখা দেয়। যদিও এনিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বক্তব্য ছিল, জামাই ষষ্ঠীর অনুষ্ঠান তো বিকেলের মধ্যে মিটেই যাবে। বঙ্গ বিজেপির আরেকটা অংশ চাইছিল না শাহের কলকাতা সফর পিছিয়ে যাক। এরপর দীর্ঘ আলোচনা হয় কেন্দ্র-রাজ্য নেতৃত্বের মধ্যে। অবশেষে ঠিক হয়, ১ জুনই কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সফর। ওইদিন কলকাতায় এসে বঙ্গের গেরুয়া শিবিরকে নিয়ে সাংগঠনিক বৈঠক করবেন শাহ। বাজিয়ে দেবেন ছাব্বিশের ভোটের বাদ্যি। এবার কত সিটের টার্গেট বেঁধে দেবেন সেটা দেখতে হবার। তবে বিজেপি নেতা কর্মীদের মধ্যে উন্মাদনা যে তুঙ্গে তাতে কোনো সন্দেহ নেই।

(২ পাতার পর)

# পশ্চিমবঙ্গ সফরে আসার আগেই রাজ্য সরকারকে কটাক্ষ করলেন প্রধানমন্ত্রী পাল্টা জবাব তৃণমূল রাজ্যসম্পাদক কুনাল ঘোষ

মনিপুরের কথা মনে করিয়ে দিয়ে পাল্টা খোঁচা দিলেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ম্যারাথন সফরে পশ্চিমবঙ্গে আছেন বৃহস্পতিবার। এই দিন তাঁর পশ্চিমবঙ্গ ছাড়াও বিহার,উত্তর প্রদেশ এবং সিকিমে একাধিক কর্মসূচি রয়েছে। প্রধানমন্ত্রীর এই পশ্চিমবঙ্গ সফর নিয়ে এক্স হ্যান্ডেলে নরেন্দ্র মোদী লিখেছেন "আগামীকাল দুপুরে আমি বিজেপির হয়ে সভা করব আলিপুরদুয়ারে। বারবারই পশ্চিমবঙ্গ সফর আমার কাছে আনন্দদায়ক। আর মানুষকে ভালোবাসি।, গত এক দশক ধরে কেন্দ্রের এনডিএ সরকারের সমস্ত সুযোগ সুবিধা থেকে বঞ্চিত বাংলার মানুষ। তারা শাসক দল তৃণমূল কংগ্রেসের দুর্বল শাসনব্যবস্থা আর দুর্নীতিতে বিরক্ত"।

এক্স হেন্ডালে প্রধানমন্ত্রীর এই পোস্টের জবাব দিতে তৃণমূলের অন্যতম মুখপাত্র তথা রাজ্য সাধারণ সম্পাদক কুনাল ঘোষ সাংবাদিকদের বলেছেন, " দেশের সাম্প্রতিক পরিস্থিতিতে অত্যন্ত বিচক্ষণের মতো আমাদের মুখ্যমন্ত্রী তথা দলনেত্রী কেন্দ্রের প্রতি সৌজন্য দেখিয়েছেন। বারবার তিনি বলেছেন যে কোন সিদ্ধান্তে কেন্দ্রের পাশে রয়েছেন। এই সৌজন্যের পাল্টা তার সকলকেই আক্রমণ করছে কেন্দ্র। দু'বছর ধরে মনিপুর জ্বলছে, সেখানে অরাজকতার পরিস্থিতি। ওখানে একবারও প্রধানমন্ত্রীর যাওয়ার সময় হলো না, অথচ ২৬ এর ভোটের আগে বাংলায় আসছেন। সে গণতান্ত্রিক দেশে যার যেখানে ইচ্ছা যেতেই পারেন। কিন্তু তার জন্য তৃণমূল সরকারকে কেন আক্রমণ? এখানে এই সরকার যেভাবে উন্নয়নের কাজ করছে তা গোটা দেশে বিরল"।

# সম্পাদকীয়

## শক্তি, সড়ক, রেল ও জল সংক্রান্ত ৪৬,৩০০ কোটি টাকারও বেশি একগুচ্ছ প্রকল্পের সূচনা ও শিলান্যাস করলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী রাজস্থান সরকারের প্রথম বর্ষপূর্তি উপলক্ষে রাজস্থানের জয়পুরে 'এক বর্ষ-পরিণাম উৎকর্ষ' শীর্ষক অনুষ্ঠানে যোগ দেন। সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী প্রথম বর্ষপূর্তি উপলক্ষে রাজস্থান সরকার এবং রাজস্থানের মানুষকে অভিনন্দন জানান। রাজস্থানের উন্নয়নকে এক নতুন গতি ও দিশা দেওয়ায় প্রধানমন্ত্রী রাজস্থানের মুখ্যমন্ত্রী এবং মন্ত্রিসভাকেও অভিনন্দন জানিয়েছেন। এই প্রথম বছরটি আগামী বছরগুলির উন্নয়ন যাত্রার শক্তিশালী ভিত্তি হিসেবে কাজ করবে বলে তিনি মন্তব্য করেন। সম্প্রতি 'রাইজিং রাজস্থান সামিট, ২০২৪' শীর্ষক অনুষ্ঠানে তাঁর অংশগ্রহণের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, সারা বিশ্ব থেকে বিনিয়োগকারীরা রাজস্থানে বিনিয়োগের আগ্রহ নিয়ে ওই সম্মেলনে উপস্থিত ছিলেন। রাজস্থানে আজ ৪৫ হাজার কোটি টাকারও বেশি উন্নয়ন প্রকল্পের সূচনা করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, এই প্রকল্পগুলি রাজ্যের জল সমস্যার সমাধান করবে এবং একে দেশের সবথেকে উন্নত যোগাযোগ ব্যবস্থা রয়েছে, এমন রাজ্যগুলির অন্যতম করে তুলবে। এর ফলে আরও বেশি বিনিয়োগকারী আসবেন, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে, পর্যটন শিল্পের প্রসার ঘটবে এবং কৃষক, মহিলা ও যুব সম্প্রদায় উপকৃত হবেন।

শ্রী মোদী বলেন, কেন্দ্র এবং এই রাজ্যের সরকার আজ সুশাসনের প্রতীক হয়ে দাঁড়িয়েছে। তারা যে সঙ্কল্প নেয়, তা পূরণ করে। মানুষ আজ তাঁর দলকেও সুশাসনের সঙ্গে একাকার করে দেখে বলে মন্তব্য করে তিনি বলেন, সেজন্যই এতগুলি রাজ্যে মানুষ তাঁর দলকে সমর্থন করছে। টানা তিনবার কেন্দ্রে ক্ষমতায় আসার জন্য ভারতের মানুষকে ধন্যবাদ জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, গত ৬০ বছরে এমন নজির আর নেই। মহারাষ্ট্র ও হরিয়ানার বিধানসভা নির্বাচনে জয়লাভের জন্য তিনি এই দুই রাজ্যের মানুষকে ধন্যবাদ জানান।

রাজস্থানের পূর্বতন সরকারগুলিকে তাদের কাজের জন্য ধন্যবাদ জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, শ্রী ভৈরোঁ সিং শেখাওয়াতের আমলে রাজ্যে উন্নয়নের ভিত্তি স্থাপিত হয়েছিল। শ্রীমতী বসুন্ধরা রাজে সিন্ধিয়া সুশাসনের ঐতিহ্যকে আরও এগিয়ে নিয়ে গেছেন। শ্রী ভজনলাল শর্মার নেতৃত্বে বর্তমান সরকার এই সুশাসনকে আরও সুপ্রতিষ্ঠিত করতে চাইছে বলে তিনি জানান। গত এক বছরে

# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(একচল্লিশতম পর্ব)



নিত্যশঃ। স্থিরাভাব তথা দেবী মম জন্মনি জন্মনি। ।বন্দে বিষ্ণু প্রিয়াং দেবী দারিদ্র্য দুঃখনাশিনী। ক্ষীরোদ সম্ভবাং দেবীং বিষ্ণুবক্ষ বিলাসিনীঃ।। শ্রী শ্রী লক্ষ্মীর ধ্যান মন্ত্রওঁ পাশাক্ষমালিকাম্ভোজ সৃণিভির্যাম্য সৌম্যয়োঃ। পদ্মাসনাস্থাং ধায়েচ্চ শ্রীয়ং ত্রৈলোক্য মাতরং।। গৌরবর্ণাং স্বরূপাঞ্চ সর্বালঙ্কারভূষি তাম্। রৌক্নোপদ্মব্যগ্রকরাং বরদাং দক্ষিণেন তু।। শ্রী শ্রী লক্ষ্মীর স্তোত্রম্ত্রৈলোক্য পূজিতে দেবী কমলে বিষ্ণুবল্লভে। যথাস্তং সুস্থিরা কৃষ্ণে তথা ভবময়ি স্থিরা।। ঈশ্বরী কমলা লক্ষ্মীশ্চলা ভূতি হরিপ্রিয়া। পদ্মা পদ্মালয়া সম্পদ সৃষ্টি

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# অন্ধ্রপ্রদেশে ৪ লেনের বাদভেল-নেলোর সড়ক করিডর নির্মাণে কেন্দ্রীয় মন্ত্রিসভার অনুমোদন

**নয়াদিল্লি, ২৮ মে, ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে অর্থনৈতিক বিষয়ক কেন্দ্রীয় ক্যাবিনেট কমিটির বৈঠকে অন্ধ্রপ্রদেশে ৪ লেনের বাদভেল-নেলোর সড়ক করিডর নির্মাণে অনুমোদন দেওয়া হয়েছে। ১০৮.১৩৪ কিলোমিটার দীর্ঘ এই সড়ক নির্মাণে খরচ ধরা হয়েছে ৩৬৫৩.১০ কোটি টাকা। ৬৭ নম্বর জাতীয় মহাসড়ক এলাকায় এই প্রকল্প রূপায়িত হবে পরিকল্পনা-নির্মাণ-অর্থায়ন-পরিচালন-হস্তান্তর প্রণালীতে।

এই করিডর বিশাখাপত্তনম-চেন্নাই শিল্প করিডর, হায়দ্রাবাদ-বেঙ্গালুরু শিল্প করিডর, এবং চেন্নাই-বেঙ্গুলুরু শিল্প করিডরকে সংযুক্ত করবে। দেশের পরিকাঠামো ও লজিস্টিক্স পরিষেবার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে এই প্রকল্প।

প্রকল্পটি রূপায়িত হলে বাদভেল এবং নেলোরের দূরত্ব ৩৩.৯ কিলোমিটার কমে যাবে। প্রত্যক্ষভাবে ২০ লক্ষ এবং পরোক্ষভাবে ২৩ লক্ষ কর্ম দিবস তৈরি হবে।

## সতীপীঠের অন্যতম কামাখ্যা



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তিনিই এই মন্দিরে পূজার পুনর্প্রবর্তন করেন। তবে তাঁর পুত্র নরনারায়ণের রাজত্বকালে ১৫৬৫ খ্রিস্টাব্দে এই মন্দিরটি নির্মাণের কাজ শেষ হয়। পুনর্নির্মাণের সময় পুরনো মন্দিরের উপাদান ব্যবহৃত হয়েছিল।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# আইআইটি খড়গপুর ও এ*স্টার সিঙ্গাপুর একসাথে এশিয়ায় সেমিকন্ডাক্টর গবেষণায় নতুন দিশা দেখাবে

**কলকাতা, ২৮ মে, ২০২৫**

সেমিকন্ডাক্টর গবেষণা ও দক্ষ প্রশিক্ষণে আন্তর্জাতিক সহযোগিতার লক্ষ্যে আজ একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিল আইআইটি খড়গপুর। সিঙ্গাপুরের এজেন্সি ফর সায়েন্স, টেকনোলজি অ্যান্ড রিসার্চ (এ* স্টার)-এর অধীন ইনস্টিটিউট অফ মাইক্রোইলেকট্রনিক্স (আইএমি)-এর সঙ্গে একটি সমঝোতাপত্র (এম ও উ) স্বাক্ষর হয়েছে। এই ঘোষণাটি সেমিকন সাউথইস্ট এশিয়া ২০২৫ সম্মেলনে করা হয়, যেখানে আইআইটি খড়গপুর ভারতের প্রযুক্তিগত সক্ষমতার প্রতিনিধিত্ব করে।

এই সহযোগিতা ভারত ও সিঙ্গাপুরের যৌথ প্রতিশ্রুতির প্রতীক- দক্ষ, উন্নত ও টেকসই সেমিকন্ডাক্টর ব্যবস্থা গঠনের জন্য আন্তর্জাতিক স্তরে একযোগে কাজ করার দিশা। মাইক্রোইলেকট্রনিক্স, চিপ ডিজাইন, ন্যানো-ফেব্রিকেশন ও উন্নত উপাদান নিয়ে কাজের অভিজ্ঞতা থাকায়, আইআইটি খড়গপুর এখানে একটি গুরুত্বপূর্ণ প্রযুক্তিগত ভূমিকা নিচ্ছে।



আইআইটি খড়গপুরের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক আনন্দরূপ ভট্টাচার্য বলেন,

" এ স্টার আই এম ই-এর সঙ্গে এই প্রকল্প আমাদের আন্তর্জাতিক লক্ষ্যপূরণের দিকে একটি বড় পদক্ষেপ। ভারত যখন সেমিকন্ডাক্টর কেন্দ্রে পরিণত হওয়ার পথে, তখন এই ধরণের শিক্ষা-শিল্প-সরকার মেলবন্ধন অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

এই অংশীদারিত্বের মাধ্যমে অ্যাডভান্সড সিমস ও পোস্ট-সিমস প্রযুক্তি, হেটেরোজেনাস ইন্টিগ্রেশন ও প্যাকেজিং, এ আই হার্ডওয়্যার অ্যাক্সিলারেটর, নেক্সট-জেনারেশন মেমোরি, ফোটোনিকস ও কোয়ান্টাম ডিভাইস, চিপ রিলায়েবিলিটি, থার্মাল ম্যানেজমেন্ট ও ব্যর্থতা বিশ্লেষণ -এর মতো বিষয়গুলিতে যৌথ গবেষণার সুযোগ তৈরি হবে। এছাড়াও, ছাত্র ও গবেষক বিনিময় কর্মসূচি, কর্মশালা এবং যৌথভাবে প্রশিক্ষণমূলক পাঠ্যক্রম তৈরির মাধ্যমে ভবিষ্যতের দক্ষ সেমিকন্ডাক্টর কর্মী গড়ে তোলার রাস্তা প্রশস্ত হবে।

এ *স্টার-এর ডেপুটি চিফ এক্সিকিউটিভ (ইনোভেশন অ্যান্ড এন্টারপ্রাইজ), অধ্যাপক ইয়িও ইয়ি চিয়া বলেন,

"সিঙ্গাপুরের সেমিকন্ডাক্টর বাস্তু গড়ে উঠেছে সরকারি সংস্থা, শিক্ষা প্রতিষ্ঠান ও শিল্পক্ষেত্রের মধ্যে মজবুত সহযোগিতার মাধ্যমে। 'ইনোভেট টুগেদার' ইভেন্ট এই ধরণের অংশীদারিত্বকে আরও শক্তিশালী করে তোলার একটি প্রয়াস।"

এই মৌ স্বাক্ষর অনুষ্ঠান এ স্টার-এর একটি বৃহত্তর প্রচেষ্টার অংশ, যেখানে তারা উজবেকিস্তানসহ একাধিক আন্তর্জাতিক সংস্থার সঙ্গে যুক্ত হয়েছে। SEMICON Southeast Asia 2025-এর সঙ্গে আয়োজিত ' ইনোভেট টুগেদার ' অনুষ্ঠানে এই সহযোগিতার গুরুত্ব ও ভবিষ্যৎ সম্ভাবনা তুলে ধরা হয়।

# হিন্দুস্তান কপার-এর কর পূর্ববর্তী মুনাফা ৫৪% বৃদ্ধি পেল

**কলকাতা, ২৮ মে, ২০২৫**

কেন্দ্রীয় খনিজ মন্ত্রকের অধীন মিনিরত্ন রাষ্ট্রায়ত্ত সংস্থা হিন্দুস্তান কপার লিমিটেড (এইচসিত্রল)-এর কর পূর্ব লাভ (পিবিটি) ২০২৩-২৪ অর্থ বছরের ₹৪১০.৪৩ কোটি থেকে ৫৪% বেড়ে ২০২৪-২৫ আর্থিক বছরে ₹৬৩৩.৫১ কোটি হয়েছে।

মঙ্গলবার কলকাতায় অনুষ্ঠিত নির্দেশক পর্ষদের বৈঠকে অনুমোদিত আর্থিক নথি অনুযায়ী, এইচসিএল তার ইতিহাসে এখন পর্যন্ত সর্বোচ্চ ₹২০৭০.৯৭ কোটি টাকার রাজস্ব আদায় করেছে ২০২৪-২৫ আর্থিক বছরে। এটি গত বছরের ₹ ১৭১৭.০০ কোটি টাকার তুলনায় ২১% বেশি বছরের-অনুপাতে (ওআই.ও.ওআই)। কোম্পানির কর-পরবর্তী মুনাফা (প্যাট), যা ২০২৩-২৪ অর্থবছরে ছিল ₹২৯৫.৪১ কোটি। এটি ৪২% বৃদ্ধি পেয়ে ₹৪৬৮.৫৩ কোটি হয়েছে।

২০২৪-২৫ অর্থবছরে কোম্পানির ফ্ল্যাগশিপ ইউনিট মধ্যপ্রদেশের মালাঞ্জখণ্ড তামা খনির ভূগর্ভস্থ খনি থেকে ২.৭৩ মিলিয়ন টন তামা খনন হয়েছে। এই খনি থেকে এটি আজ পর্যন্ত সর্বাধিক উৎপাদন।

২০২৪-২৫ আর্থিক বছরে সুদ পূর্ববর্তী আয়, কর, অবচয় ও পরিশোধ মাত্রা দাঁড়িয়েছে ৩৮%। আগের বছরের ৩৪%-এর তুলনায় ৪ বেসিস পয়েন্ট বৃদ্ধি পেয়েছে এই মাত্রা।

বিশ্ব অর্থনীতি যখন নবীকরণযোগ্য শক্তি, বৈদ্যুতিক যানবাহন, কৃত্রিম বুদ্ধিমত্তা এবং কার্বনহীণ নীতির দিকে এগোচ্ছে, তখন তামার চাহিদা আগামী দিনে বহুগুণ বৃদ্ধি পাবে এবং এটি উন্নয়নের অন্যতম চালিকা শক্তি হয়ে উঠবে।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে


| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# পশ্চিমবঙ্গসহ চার রাজ্য সফরে বেরোচ্ছেন মোদি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বৃহস্পতিবার থেকে চার রাজ্য সফরে বেরোচ্ছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সিকিম দিয়ে তার রাজ্য সফর শুরু হচ্ছে, এরপর পশ্চিমবঙ্গ, বিহার হয়ে তার সফর শেষ হবে উত্তরপ্রদেশে। দুদিনের এই সফরে (বৃহস্পতি ও শুক্রবার) যেমন বেশ কয়েকটি জনসভায় উপস্থিত থাকবেন তেমনি ৬৯ হাজার কোটি রুপির বেশি মূল্যের প্রকল্পের উদ্বোধন ও শিলন্যাশ করবেন।



ভারতের কেন্দ্রে এনডিএ-৩ সরকারের প্রথম বছর পূর্তি হবে আগামী ৯ জুন। গতবছর তৃতীয়বারের জন্য কেন্দ্রে ক্ষমতায় এসে ৯ জুন প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন নরেন্দ্র মোদি। ইতোমধ্যেই এই দিনটি পালনের জন্য বিজেপি একাধিক কার্যক্রম নিয়েছে। এই এক বছরের শাসনামলে বিজেপি নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকারের বিভিন্ন কাজকর্ম এবং সাফল্য তুলে ধরা হবে দেশের মানুষের কাছে। স্বাভাবিকভাবে ব্যস্ত সফরসূচির মধ্যেই এই চার রাজ্য সফরে বেরোচ্ছেন প্রধানমন্ত্রী।

দুদিনের এই সফরের প্রথম দিন বৃহস্পতিবার সকালে দিল্লি থেকে বিশেষ বিমানে সিকিমে আসবেন মোদি। সকাল ১১ টায় সিকিমের রাজধানী গ্যাংটকে 'সিকিম@৫০: হোয়ার প্রগ্রেস মিটস পারপাস অ্যান্ড নেচার নার্সারস গ্রোথ' শীর্ষক একটি অনুষ্ঠানে যোগ দেবেন মোদি। সিকিম রাজ্য হিসেবে মর্যাদা পাওয়ার ৫০ বছর পূর্তি উপলক্ষে স্মারক মুদ্রা, ডাক টিকিট, স্মরণিকা প্রকাশ করবেন মোদি। একই দিনে দুপুরে সিকিম থেকে পশ্চিমবঙ্গ সফরে আসবেন প্রধানমন্ত্রী। দুপুর দুটো নাগাদ আলিপুরদুয়ারে একটি অনুষ্ঠান থেকে কোচবিহার ও আলিপুর জেলায় সিটি গ্যাস বন্টন (সিজিডি) প্রকল্পের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। ১ হাজার ১০ কোটি রুপি প্রকল্পের লক্ষ্য হলো কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার প্রায় আড়াই লাখের বেশি মানুষের ঘরে এবং ১০০ টি বাণিজ্যিক প্রতিষ্ঠানে পাইপের মাধ্যমে গ্যাস পৌঁছে দেওয়া। পরে আলিপুরদুয়ারের একটি জনসভাতেও অংশ নেবেন মোদি।

আলিপুরের সভা শেষ করেই তিনি চলে যাবেন বিহারের পাটনায়। বিকেল পৌনে ছটায় পাটনা বিমানবন্দরে একটি নতুন ভবনের উদ্বোধন করবেন মোদি। ১ হাজার ২০০ কোটি রুপির এই প্রকল্প বাস্তবায়িত হলে ওই বিমানবন্দরের যাত্রী ধারণক্ষমতা বেড়ে যাবে সেক্ষেত্রে একবছরে ১ কোটি যাত্রী চলাচল করতে পারবে।

তবে এই সফরের মধ্যে সবচেয়ে তাৎপর্যপূর্ণ বিষয় হচ্ছে পশ্চিমবঙ্গ সফর। বছর ঘুরলেই ২০২৬ সালে পশ্চিমবঙ্গে বিধানসভার নির্বাচন। ফলে নির্বাচনের মাত্র কয়েক মাস আগে মোদির এই সফর নিয়ে রাজ্য বিজেপির নেতা কর্মীদের উন্মাদনা তুঙ্গে।

ইতিমধ্যেই শিক্ষক নিয়োগ, রেশন, সরকারি হাসপাতালে কর্মরত অবস্থায় ডাক্তারি ছাত্রীর মৃত্যু, স্বাস্থ্য, বিজেপি কর্মীদের বিরুদ্ধে মিথ্যা মামলা, খুন সহ একাধিক ক্ষেত্রে দুর্নীতিতে নাম জড়িয়েছে পশ্চিমবঙ্গের ক্ষমতাসীন দল তৃণমূল কংগ্রেসের। এই সব ইস্যুকে হাতিয়ার করে বৃহস্পতিবার আলিপুরদুয়ারের জনসভা থেকে দলীয় নেতাকর্মীদের কি বার্তা দেন সেদিকে যেমন বিজেপির দলীয় কর্মী সমর্থকরা মুখিয়ে রয়েছেন, তেমনি এই সভার দিকে রাজনৈতিক মহলেরও নজর রয়েছে।

যদিও মোদির সফর নিয়ে কটাক্ষ করেছে তৃণমূল কংগ্রেস। তৃণমূলের সিনিয়র নেতা এবং দমদমের সাংসদ সৌগত রায় বলেছেন 'নির্বাচনের আগে বারবারই প্রধানমন্ত্রী ডেইলি প্যাসেঞ্জারের মত যাতায়াত করেন। আবার প্রতিবারই হেরে যান। এরপরে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এসে বলবেন আগলি বার দোশো পার। কিন্তু ১০০ আসনও পার হতে পারবে না। ওদের আসা যাওয়ায় আমাদেরকে কিছু এসে যায় না।' সৌগত রায়ের প্রত্যাশা '২০২৬ এর নির্বাচনে তৃণমূল ব্যাপকভাবে জিতবে এবং ২০০'এর বেশি আসন পাবে।'

## আলিপুরদুয়ার সফরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সাথে দেখা করতে চান চাকরিহারাদের একাংশ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বৃহস্পতিবার আলিপুরদুয়ারে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সাথে দেখা করতে চাইছেন চাকরিহারাদের একাংশ। ইতিমধ্যেই বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন সুপ্রিম কোর্টের রায়ে চাকরিহারা শিক্ষক শিক্ষা কর্মীদের পরীক্ষায় বসতেই হবে। এই পরিস্থিতিতে চাকরি হারা শিক্ষক শিক্ষিকারা প্রধানমন্ত্রীর সাথে দেখা করতে চাইছেন। যদিও চাকরি-হারা শিক্ষকরা একাধিকবার জানিয়েছেন তারা পরীক্ষায় বসতে রাজি নয়। মঙ্গলবার সাংবাদিক বৈঠকে এই বিষয় মুখ্যমন্ত্রী জানান, " আদালতের নির্দেশ না মেনে উপায় নেই। পরীক্ষায় বসতেই হবে"।

এই বিষয়ে চাকরি-হারা শিক্ষিকা মৌমিতা পাল জানান, আমরা বেশ কয়েকদিন ধরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে দেখা করার জন্য সময় চাইছি। মাত্র ৫ মিনিটের জন্য সাক্ষাৎ করতে চাই। স্থানীয় সাংসদ বিজেপি জেলা সভাপতির কাছেও গেছি যদি তারা ব্যবস্থা করে দিতে পারেন তাই। জেলাশাসককে জানিয়েছি। কিন্তু এখনো পর্যন্ত কোনো সদুত্তর পাইনি"।

সিনেমার খবর

# ভারত-চীন সংঘর্ষে নিহত কর্নেলের চরিত্রে সালমান

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



গেলো কয়েক বছরে বক্স অফিসে খুব একটা সুবিধা করতে পারেননি বলিউড সুপারস্টার সালমান খান। গত ঈদে মুক্তি পাওয়া ‘সিকান্দার’ সিনেমাটিও ভালো ব্যবসা করতে পারেনি। স্বাভাবিকভাবেই ভক্তদের মন খারাপ। এরই মধ্যে এলো সুখবর। নতুন সিনেমায় যুক্ত হচ্ছেন তিনি। এবার ভারতীয় এক বীরের ভূমিকায় অভিনয় করতে যাচ্ছেন ভাইজান।

বলিউড হাঙ্গামার খবরে বলা হয়েছে, ভারতের গালওয়ান উপত্যকায় ২০২০ সালে চীন-ভারত সংঘর্ষে নিহত কর্নেল বি. সন্তোষ বাবুর জীবনের উপর ভিত্তি করে নির্মিত হতে চলেছে এই সিনেমা। সিনেমাটি পরিচালনা করবেন ‘শুটআউট অ্যাট লোকান্ডওয়ালা’ এবং ‘মিশন ইস্তানবুল’ খ্যাত পরিচালক অপূর্ব লাখিয়া। ২০২৫ সালের জুলাই মাসে ছবিটির শুটিং শুরু হওয়ার কথা রয়েছে।

২০২০ সালে চীনা পিপলস লিবারেশন আর্মির সঙ্গে সংঘর্ষে তিনি মারা যান। ১৯৬৭ সালের পর এই সংঘর্ষেই প্রথম কোনো ভারতীয় সেনা অফিসার মারা যান। তার বীরত্বের কাহিনি তুলে ধরা হয়েছে শিব অরুর ও রাহুল সিংহ রচিত বই ‘ইন্ডিয়াস মোস্ট ফেয়ারলেস ৩’-এর প্রথম অধ্যায়ে।

একটি সূত্র ভারতীয় গণমাধ্যম মিড ডেকে জানিয়েছে, কর্নেল বাবুর চরিত্রটি অত্যন্ত বীরত্বপূর্ণ। তিনি একাধিক জঙ্গি দমন অভিযানে দক্ষতা দেখিয়েছেন। পরিচালক বইটির প্রথম অধ্যায় ‘আই হ্যাড নেভার সিন সাজ ফিয়ার্স ফাইটিং- দ্য গালওয়ান ক্ল্যাশ অব জুন ২০২০’-এর স্বত্ব কিনে নিয়েছেন। এটি গালওয়ান সংঘর্ষের একটি প্রত্যক্ষ বিবরণ।

চিত্রনাট্য রচনা করেছেন সুরেশ নায়ার, যার সঙ্গে যৌথভাবে কাজ করেছেন চিন্তন গান্ধী ও চিন্তন শাহ। সংলাপ লিখেছেন চিন্তন শাহ নিজেই।


সূত্র জানিয়েছে, গল্পটি শুনে সালমান খান অত্যন্ত আগ্রহ প্রকাশ করেছেন এবং মে মাসের শেষ দিক থেকে প্রস্তুতি শুরু করেছেন। ইতোমধ্যেই মুম্বাইয়ের পাশের পনভেলে নিজের ফার্মহাউসে শারীরিক অনুশীলন শুরু করেছেন তিনি।

এটি সালমান খান ও অপূর্ব লাখিয়ার প্রথম যৌথ প্রজেক্ট। প্রযোজনার সঙ্গে সংশ্লিষ্ট একটি সূত্র নিশ্চিত করেছে, সালমান খান তার পরবর্তী ছবির পরিচালক হিসেবে অপূর্ব লাখিয়াকে চূড়ান্ত করেছেন এবং ২০২৫ সালের জুলাই থেকে শুটিং শুরু হবে।

এর আগে বলিউড হাঙ্গামার এক প্রতিবেদনে উল্লেখ করা হয়, সালমান খান ছবির শুটিংয়ের জন্য উচ্চ পার্বত্য এলাকা লাদাখে যাবেন। সেখানে প্রায় ২০ দিনের একটি শিডিউল শেষ করে তিনি ফিরবেন মুম্বাইয়ে, যেখানে ৫০ দিনের আরও একটি শিডিউল হবে। সব মিলিয়ে ৭০ দিনের মধ্যে শুটিং শেষ করার পরিকল্পনা আছে। ছবিটি ২০২৬ সালের প্রথম ভাগে মুক্তি পাওয়ার সম্ভাবনা রয়েছে।

# অনভিজ্ঞ অভিনেতায় ভরে গিয়েছে ইন্ডাস্ট্রি: নওয়াজউদ্দিন সিদ্দিকি

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



বলিউডে স্বজনপোষণ ও অনভিজ্ঞতার আধিক্য নিয়ে ফের সরব হলেন অভিনেতা নওয়াজউদ্দিন সিদ্দিকি। স্পষ্টভাষী হিসেবে পরিচিত এই অভিনেতা সম্প্রতি এক সাক্ষাৎকারে বলেন, বলিউডে এখন এমন বহু অভিনেতা রয়েছেন, যারা প্রশিক্ষণহীন ও অভিনয়ে তেমন দক্ষ নন, তবুও তারা মূলধারার চলচ্চিত্রে সুযোগ পাচ্ছেন।

নিজের দীর্ঘ অভিনয়জীবনের অভিজ্ঞতা তুলে ধরে নওয়াজউদ্দিন বলেন,'এই ইন্ডাস্ট্রিতে সুযোগ অনেক সময় যোগ্যতার ভিত্তিতে আসে না, বরং সুবিধা আর পরিচিতির ভিত্তিতে অনেকেই কাজ পেয়ে যান। এমন অনেককেই দেখা যায়, যাদের উপরে ভরসা করাও কঠিন, তবুও তারা জায়গা করে নিচ্ছেন।'

বন্ধুত্ব আর সহকর্মীদের সঙ্গে সম্পর্ক নিয়েও নিজের মত প্রকাশ করেন তিনি। নওয়াজের মতে, 'এই ইন্ডাস্ট্রিতে দীর্ঘস্থায়ী সম্পর্ক খুব কমই দেখা যায়। অধিকাংশ সময়েই অভিনেতারা নিরাপত্তাহীনতায় ভোগেন। পারস্পরিক বিশ্বাসের অভাবও রয়েছে ব্যাপকভাবে।'

নওয়াজউদ্দিন আরও বলেন, 'বহু অভিনেতা এতটাই অনভিজ্ঞ যে, তাদের দিয়ে অভিনয় করিয়ে নিতে আলাদা করে তৈরি করতে হয়। এটা শুধু বলিউডেই সম্ভব। অন্য ইন্ডাস্ট্রিগুলোতে পেশাদার ও প্রশিক্ষিত অভিনেতাদেরই সুযোগ দেওয়া হয়। সেখানে দক্ষতা ছাড়া টিকে থাকা অসম্ভব।'

# ছেঁড়া পোশাক পরে কানের মঞ্চে, সমালোচনায় উর্বশী রাউতেলা



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

কান চলচ্চিত্র উৎসবের লাল গালিচায় এবারও নজর কাড়লেন বলিউড অভিনেত্রী উর্বশী রাউতেলা। তবে তাঁর পোশাক নিয়ে তীব্র সমালোচনার মুখে পড়েছেন তিনি।

উৎসবের প্রথম দিনেই তোতা পাখি অনুপ্রাণিত রঙিন পোশাকে হাজির হন উর্বশী, যার সঙ্গে হাতে ধরেছিলেন একটি তোতা পাখির প্রতিরূপ। তাঁর অতিরিক্ত রূপসজ্জা এবং ব্যতিক্রমী পোশাক নির্বাচনকে অনেকেই ‘জঘন্য সাজ’ বলে মন্তব্য করেছেন।

উৎসবের দ্বিতীয় দিন এক আধা স্বচ্ছ পোশাকে হাজির হন উর্বশী রাউতেলা। তবে অনুষ্ঠান চলাকালীন হাত নাড়তেই প্রকাশ্যে আসে পোশাকের বাম বাহুর নিচের অংশ ছেঁড়া। মুহূর্তেই সেই ছবি ও ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়ে যায়।

নেটিজেনরা বিষয়টি নিয়ে ব্যাপক হাসাহাসি ও সমালোচনা শুরু করেন। প্রশ্ন উঠেছে, “কানের মতো মর্যাদাপূর্ণ আন্তর্জাতিক আসরে এমন ছেঁড়া পোশাক পরে ভারতের প্রতিনিধিত্ব করা কি সমীচীন?”

পোশাক বিপত্তি বুঝতে পেরেই উর্বশী হাত না তুলে বিষয়টি সামাল দেওয়ার চেষ্টা করেন। কিন্তু আন্তর্জাতিক মঞ্চে এমন অস্বস্তিকর মুহূর্তে নিজেকে পুরোপুরি আড়াল করে রাখা সম্ভব হয়নি।

ভারতের বিভিন্ন গণমাধ্যম তাঁর প্রতিক্রিয়ার জন্য যোগাযোগ করলেও এখনও পর্যন্ত অভিনেত্রী এ বিষয়ে কোনো মন্তব্য করেননি।

# ভির্টজকে না পেলে বার্সার দানি ওলমোকে চায় ম্যানসিটি

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



মৌসুম শেষে ম্যানসিটি ছাড়ছেন বেলজিয়ান প্লে-মেকার কেভিন ডি ব্রুইনা। প্রজন্মের অন্যতম সেরা এই তারকার অভাব পূরণে তাই জোর চেষ্টা চালিয়ে যাচ্ছে ম্যানচেস্টার সিটি। জার্মান তারকা ফ্লোরিয়ান ভির্টজের জন্য রীতিমতো টাকার থলি নিয়েও প্রস্তুত তারা। কিন্তু ভির্টজকে দলে ভেড়ানোর দৌড়ে রয়েছে বায়ার্ন মিউনিখ ও লিভারপুলের মতো ক্লাবও। আর সেই কারণে বিকল্প পথে হাঁটছে ম্যানসিটি। এবার বার্সেলোনার স্প্যানিশ তারকা দানি ওলমোর দিকে নজর দিয়েছে ম্যানসিটি।

অ্যাটাকিং মিডফিল্ডার হিসেবে দারুণ ফর্মে রয়েছেন ওলমো। গত বছর স্পেনের জার্সিতে ইউরো জিতেছেন। হয়েছেন সর্বোচ্চ গোলদাতা। গত স্পেনের হয়ে ১৩ ম্যাচে করেছেন ৮ গোল। ইউরোতে ৬ ম্যাচে ৩ গোলের সঙ্গে ছিল ২ অ্যাসিস্ট। চলতি মৌসুমে বার্সেলোনার হয়ে ৩৮ ম্যাচে ১১ গোলের পাশাপাশি করিয়েছেন ৬ অ্যাসিস্ট।

গত সপ্তাহে রেলেভো, গোল ডটকমসহ একাধিক গণমাধ্যম জানায়, ওলমোর পারফরম্যান্সে মুগ্ধ ম্যানসিটি কোচ পেপ গার্দিওলা। গোল করার পাশাপাশি করানোতেও দারুণ দক্ষ ওলমো। তাই সিটিতে ওলমোকে নিয়ে আসতে আগ্রহী গার্দিওলা। কিন্তু বার্সার ডেরা থেকে ওলমোকে নিয়ে আসাটা খুব একটা সহজ হবে না সিটির।

বার্সেলোনার হয়ে নিয়মিত একাদশে না থাকলেও প্রতিনিয়তই খেলেছেন দানি ওলমো। জার্মান সাংবাদিক ক্রিশ্চিয়ান ফাল্ক জানান, ওলমোর নিয়মিত শুরুর একাদশে না থাকার বিষয়টিকেই প্রাধান্য দিয়ে এগোতে চাইছে ম্যানচেস্টার সিটি। কিন্তু স্প্যানিশ গণমাধ্যমগুলো জানাচ্ছে, দানি ওলমোকে এখনই হাতছাড়া করতে রাজি না বার্সেলোনা। সিটিজেনদের জোর প্রচেষ্টাতেও এই দলবদল প্রায় অসম্ভব বলেই মন্তব্য করছে কাতালানরা।

এদিকে, ফ্লোরিয়ান ভির্টজকে নিয়ে ক্রিশ্চিয়ান ফাল্ক জানান, লিভারপুলের সঙ্গে ২২ বছর বয়সী এই মিডফিল্ডারের আলাপ অনেকটাই এগিয়ে গেছে। এরইমাঝে ভির্টজকে ঘিরে অলরেডদের পুরো পরিকল্পনা ভির্টজের বাবার কাছে তুলে ধরেছেন লিভারপুলের স্পোর্টিং ডিরেক্টর রিচার্ড হিউজেস। ক্রিশ্চিয়ান ফাল্ক বিশ্বাস করেন, এরপরেই জার্মান তারকাকে পাওয়ার দৌড়ে এগিয়ে গেছে লিভারপুল।

# কলকাতা-মুম্বাইয়ের রেকর্ড ভাঙল বেঙ্গালুরু



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

আইপিএল ইতিহাসে নতুন এক নজির গড়ল রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু। বহু বছর ধরে ব্যর্থতার ছাপ থাকা এই দল এবার যেন একেবারে নতুন রূপে ফিরে এসেছে। ২০০৮ সাল থেকে শুরু করে ২০২৪ সাল পর্যন্ত যেখানে ট্রফি অধরাই থেকে গিয়েছে, সেখানে এবার শুধু প্লে-অফেই ওঠা নয়, বরং একাধিক রেকর্ড ভেঙে নজির গড়ল বেঙ্গালুরু।

এই মৌসুমে সবচেয়ে বড় চমক এসেছে বেঙ্গালুরুর অ্যাওয়ে পারফরম্যান্স থেকে। বেঙ্গালুরু একমাত্র দল যারা এক মৌসুমে খেলেছে সাতটি অ্যাওয়ে ম্যাচ এবং প্রতিটিতেই জয় ছিনিয়ে এনেছে। এর আগে ২০১২ সালে কলকাতা নাইট রাইডার্স ও মুম্বাই ইন্ডিয়ান্স অ্যাওয়ে ম্যাচে সাতটি করে জয় পেলেও, তারা খেলেছিল আটটি ম্যাচ এবং একটিতে হার মানতে হয়েছিল। সেই হিসেবে বেঙ্গালুরুই প্রথম দল যারা শতভাগ অ্যাওয়ে জয়ের রেকর্ড গড়েছে।

এই মৌসুমের শুরুতে ফাফ ডু প্লেসিকে দলে না রেখে নতুন অধিনায়ক হিসেবে রজত পতিদারকে দায়িত্ব দেয় আরসিবি। শুরুতেই কলকাতার বিরুদ্ধে জিতে নিজের দক্ষতার প্রমাণ দেন পতিদার। শেষ ম্যাচে তাঁর জায়গায় নেতৃত্ব দেওয়া জিতেশ শর্মাও দলকে জয় এনে দিয়ে দেখিয়ে দেন, নেতৃত্বের অভাব নেই বেঙ্গালুরুর ডাগআউটে।

২০১৫ সালের পর এই প্রথম, ৯ বছর পর লিগ টেবিলে দ্বিতীয় স্থানে শেষ করল আরসিবি। লিগ পর্বে মোট ১৯ পয়েন্ট অর্জন করে তারা পৌঁছে যায় দ্বিতীয় স্থানে। যা এই মৌসুমে তাদের ধারাবাহিকতা ও ফর্মের প্রমাণ।

# ক্লাব বিশ্বকাপে খেলতে ব্রাজিলে যাবেন রোনালদো?

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

বিশ্ব ফুটবলের অন্যতম সেরা তারকা ক্রিস্টিয়ানো রোনালদো আবারও শিরোনামে। সৌদি ক্লাব আল নাসরের হয়ে হতাশাজনক মৌসুমের পর এবার শোনা যাচ্ছে, ব্রাজিলের এক ক্লাবের হয়ে ক্লাব বিশ্বকাপে খেলতে পারেন এই পর্তুগিজ মহাতারকা।

২০২৪-২৫ মৌসুমটি রোনালদোর জন্য মোটেই সুখকর ছিল না। আল নাসর এশিয়ান চ্যাম্পিয়ন্স লিগে কোয়ালিফাই করতে ব্যর্থ হয়েছে এবং মৌসুম শেষ করেছে ট্রফি ছাড়াই। আল ইত্তিহাদের কাছে হারের পর মাঠ ছাড়ার সময় রোনালদোর ক্ষোভপূর্ণ আচরণও গণমাধ্যমে আলোচিত হয়। যদিও ক্লাবটি কিছু নতুন খেলোয়াড় সই করিয়েছে, তবুও দলে প্রত্যাশিত পরিবর্তন আসেনি। ফলে রোনালদোর সঙ্গে চুক্তি নবায়নের সম্ভাবনা ক্রমেই কমে আসছে।

এদিকে, সৌদি আরবের ফুটবল ক্লাবগুলো এখন বেসরকারি মালিকানার অধীনে চলে যাচ্ছে এবং বিনিয়োগকারীদের কাছ থেকে তাৎক্ষণিক সাফল্যের দাবি উঠেছে, যা বড় তারকাদের উপর চাপ আরও বাড়িয়েছে।



এই অস্থির পরিস্থিতির মধ্যেই ব্রাজিল থেকে রোনালদোর জন্য একটি আকর্ষণীয় প্রস্তাব এসেছে। শুরুতে যা অনিশ্চিত শোনালেও, এখন তা 'ব্লকবাস্টার ডিল'-এ রূপ নিয়েছে বলে জানা গেছে। বিদেশি বিনিয়োগকারীদের সহায়তায় একটি ব্রাজিলিয়ান ক্লাব তাকে ক্লাব বিশ্বকাপে অংশ নেওয়ার জন্য প্রস্তাব দিয়েছে।

রোনালদো যদি প্রস্তাবটি গ্রহণ করেন, তবে এটি হতে পারে তার ক্যারিয়ারের এক নতুন অধ্যায়ের সূচনা। ৪০ বছর বয়সেও তিনি এখনও বিশ্বের সবচেয়ে প্রভাবশালী এবং বাজারজাতযোগ্য খেলোয়াড়দের একজন। যদিও সৌদিতে তার জীবনযাপন ছিল স্বাচ্ছন্দ্যময়, তবে দলগত ব্যর্থতা ও অসন্তোষ তাকে নতুন চ্যালেঞ্জের দিকে ঠেলে দিতে পারে।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১

● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR